

শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের প্রতিবাদে মিছিল

আশরাফুল আলম : গত ৩১ জানুয়ারি কুষ্টিয়া জেলার খোকসা থানার খোকসা ইউনিয়নের দু'জন ইউপি সদস্য কর্তৃক দু'টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শিক্ষার জন্যে খাদ্যকর্মসূচির তিন মাসের প্রায় ২৫ হাজার কেজি গম আত্মসাৎ ও শিক্ষা বিভাগের নানা প্রকার অনিয়মের অভিযোগে ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল করে প্রধানমন্ত্রী বরাবর ঝারকলিপি পেশ করেছে। জানা গেছে, খোকসা ইউনিয়নের আজইল ও মোড়াগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৯৫৫ জন ছাত্রছাত্রীর গত বছরের অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসের মোট ২৪ হাজার ৯০ কেজি গম খোকসা ইউপি সদস্য আঃ মালেক ও গোলাম ছরোয়ার আত্মসাৎ করে। এ ব্যাপারে স্থল পরিচালনা পরিষদ ও অভিভাবকরা থানা শিক্ষা অফিসে কয়েকবার লিখিত দেয়ার পরেও কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা গ্রহণ না করায় ছাত্রছাত্রীরা গত ৩১



শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের প্রতিবাদে খোকসার ছাত্রছাত্রীদের মিছিল

জানুয়ারি বিক্ষোভ মিছিল করে খোকসা থানা নির্বাহী কর্মকর্তার অফিসে এসে প্রধানমন্ত্রী বরাবর একটি ঝারকলিপি পেশ করে। ঝারকলিপিতে খোকসা থানা শিক্ষা বিভাগের বিরুদ্ধে কয়েকটি অভিযোগ আনা হয়েছে বলে জানা যায়। এ ব্যাপারে থানা শিক্ষা অফিস ও থানা-খাদ্য নিয়ন্ত্রকের অফিসে যোগাযোগ করলে জানা যায়, কয়েক মাস আগেই এ থানার সব স্কুলের জন্যে বরাদ্দকৃত গম 'ব' ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের মাধ্যমে ডিও প্রদান করা হয় এবং তা যথা সময়ে উত্তোলন করে নেয়া হয়েছে। এ ব্যাপারে খোকসা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার আহমদের সঙ্গে আলাপ করলে তিনি জানান, আজইল ও মোড়াগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্যে বরাদ্দকৃত গম ইউপি সদস্য আঃ মালেক ও গোলাম ছরোয়ারের কাছে হস্তান্তর করা হয়েছে।